

কালের কণ্ঠ

ঢাকা, বুধবার ১৭ জানুয়ারি ২০২৪
৩ মাঘ ১৪৩০, ৪ রজব ১৪৪৫



প্রথম সাসটেইনেবিলিটি রিপোর্ট উন্মোচন করেন বসুন্ধরা গ্রুপের ভাইস চেয়ারম্যান সাফওয়ান সোবহানসহ অন্য কর্মকর্তারা।
ছবি : কালের কণ্ঠ

সাসটেইনেবিলিটি রিপোর্ট প্রকাশ করল বসুন্ধরা পেপার সেক্টর

নিজস্ব প্রতিবেদক ▷

কাগজশিল্পের জন্য একটি যুগান্তকারী পদক্ষেপ হিসেবে বসুন্ধরা পেপার মিলস লিমিটেড (বিপিএমএল) এবং বসুন্ধরা মাল্টি পেপার ইন্ডাস্ট্রিজ লিমিটেড (বিএমপিআইএল) দেশে প্রথম সাসটেইনেবিলিটি রিপোর্ট উন্মোচন করেছে। এই রিপোর্টে পরিবেশগত, সামাজিক ও অর্থনৈতিক সুব্যবস্থাপনার প্রতি তাদের প্রতিশ্রুতি তুলে ধরা হয়েছে।

গত সোমবার বসুন্ধরা ইন্ডাস্ট্রিয়াল হেডকোয়ার্টার-২-এ উন্মোচিত এই প্রতিবেদনে প্রতিষ্ঠান দুটির টেকসই ও দায়িত্বশীল ব্যবসা পরিচালনার প্রতি গুরুত্বের প্রতিফলন ফুটে উঠেছে। এর মোড়ক উন্মোচন করেন বসুন্ধরা গ্রুপের ভাইস চেয়ারম্যান সাফওয়ান সোবহান এবং বসুন্ধরা পেপার মিলস লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মুস্তাফিজুর রহমান এফসিএ।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন তৌফিক হাসান, বিভাগীয় প্রধান-মার্কেটিং, বিজনেস ডেভেলপমেন্ট ও সাসটেইনেবিলিটি, সেক্টর-সি, বসুন্ধরা গ্রুপ এবং এম মাজেদুল ইসলাম, কম্পানি সেক্রেটারি, সেক্টর-সি, বসুন্ধরা গ্রুপসহ অন্য কর্মকর্তারা। এই প্রতিবেদন তৈরিতে ইএসজি রিপোর্টিংয়ের বিষয়গুলো নিরূপণের জন্য 'ডুয়াল ম্যাটেরিয়ালিটি' পদ্ধতি অবলম্বন করা হয়েছে। এই নীতি অনুযায়ী আর্থিক ও অ-আর্থিক উভয় দৃষ্টিকোণ থেকে কম্পানির সাসটেইনেবিলিটি বিষয়ে ঝুঁকি এবং সুযোগ বিবেচনা করা হয়েছে। এই দ্বৈত দৃষ্টিভঙ্গির ফলে কম্পানির স্থায়িত্বে একটি ভারসাম্যপূর্ণ উপস্থাপনা নিশ্চিত হয়। প্রতিবেদনে ২০৩০ সাল পর্যন্ত লক্ষ্য ধার্য করে এবং এটি অর্জনের করণীয় সব পদক্ষেপের কথা তুলে ধরার পাশাপাশি জীবনভিত্তিক বিভিন্ন কেস স্টাডি ও নানামুখী সাসটেইনেবিলিটি ক্যাম্পেইনের কথা উল্লেখ করা হয়েছে।